43

দৈনিক বাংলা

তারিখ 26 JAN 1996
পৃষ্ঠা ৫ কলাম ৬

# জনমত

## দেশের সমগ্র বিশ্ব-বিদ্যালয়-এর সমীপে

আমি বেশ কয়েকটি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিজ্ঞপ্তি দেখলাম। তাতে ভর্তি পরীক্ষার যোগ্যতা হিসাবে ৫ পয়েন্ট, ১০০০, ১১০০, ১২০০ এবং ১৩০০ নম্বর চাওয়া হয়েছে। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, দেশে অনেকগুলি শিক্ষা বোর্ড রয়েছে যার মধ্যে মাদ্রাসা শিক্ষা বোর্ড অন্যতম। মাদ্রাসা শিক্ষা অন্যান্য শিক্ষা ব্যবস্থার চেয়ে বেশ কঠিন। মাদ্রাসা ছাত্রদের খুব কম সংখ্যকই ১ম বিভাগ ২য় বিভাগ পেয়ে থাকে। কারণ মাদ্রাসা বোর্ডের কোন টিক মার্কের পরীক্ষা নেই। আছে দাখিলে ছোট প্রশ্নের পরীক্ষা। সকলেই জানেন, এসএসসিতে অনেক নাম্বার ওঠে, কিন্তু দাখিলে ওঠে না। এইচএসসিতে যে কটি বই পড়া হয় আলিমে তার দ্বিগুণ বই পড়তে হয়। দেশের বিশ্ববিদ্যালয়গুলি যদি উপ-রোল্লিখিত পয়েন্ট ও নম্বর নির্ধারণ করে তাহলে খুব কম সংখ্যক মাদ্রাসার ছাত্রছাত্রী উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য সাধারণ শিক্ষা বোর্ড থেকে যেখানে ৯৫০ নম্বর পেয়ে ছাত্রছাত্রীরা স্ট্যান্ড করে সেখানে মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে স্ট্যান্ড করে ৮০০ নম্বর পেয়ে।

অতএব একজন মাদ্রাসা ছাত্র হিসাবে দেশের সকল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি বিনীত নিবেদন, মাদ্রাসা ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে পয়েন্ট ও নম্বরের গড় কমিয়ে তাদের ভর্তি পরীক্ষায় অংশ-গ্রহণের সুযোগ দেওয়া হোক।

নয়ন
জেল রোড, যশোর।